১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা
www.moulvibazar.gov.bd

**জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক
মৌলভীবাজার
তারিখ : ২১/০৬/২০২৩ খ্রিস্টাব্দ
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিতি: **পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয় জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy-NIS) প্রণয়ন করেছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহি, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর তিনি গুরুত্বারোপ করেন।

উক্ত সভায় সরকার কর্তৃক জারীকৃত জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা,২০২১ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.০৩.২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্মারক পত্র সভায় উপস্থাপন করা হয়। জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে গ্রেড ৪ হতে গ্রেড-৯ ভূক্ত ২ জন, গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভূক্ত ২ জন এবং গ্রেড ১৭ হতে গ্রেড ২০ভূক্ত ২ জন করে মোট ০৬ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির সদস্যগণ কর্তৃক শুদ্ধাচার পুরস্কারের নিমিত্ত নিম্নবর্ণিত সুপারিশ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ০৬ (ছয়) জন কর্মচারীকে উল্লিখিত নীতিমালা অনুসারে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নির্বাচন করা হয়:

| ক্রমিক | মনোনীত কর্মকর্তার নাম | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব সুনজিত কুমার চন্দ | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার। | |
| ২. | জনাব ফয়সাল মাহমুদ ফুয়াদ | নেজারত ডেপুটিকালেক্টর, মৌলভীবাজার। | |
| ৩. | জনাব মো: রেজাউল করিম | উপ প্রশাসনিক কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) এর গোপনীয় শাখা। | |
| ৪. | জনাব কানু ভূষন চক্রবর্তী | উপ প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার সদর, সংযুক্ত অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) এর গোপনীয় শাখা। | |
| ৫. | জনাব মো: শরফুল আলম | ফটোকপি মেশিন অপারেটর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। সংযুক্ত জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় শাখা । | |
| ৬. | জনাব মো: জিয়া উদ্দিন | অফিস সহায়ক, উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল। | |

**সিদ্ধান্ত:** বর্ণিত ০৬ (ছয়) জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22.06.23

(ড.উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত
জেলা বাছাই কমিটি, মৌলভীবাজার।
dcmoulvibazar@mopa.gov.bd

CamScanner

তারিখ : ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩।

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৬.১৪.০০২.২২.৬০৯/১(২০)

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
৬. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল।
৭. সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল।
৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, মৌলভীবাজার।
৯. জনাব.......................................................................................................

২২.৬.২৩

জেলা প্রশাসক
মৌলভীবাজার

CamScanner